

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(সাধারণ শাখা)
www.chapainawabganj.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক আওতাধীন দপ্তর ও সংস্থার সমন্বয়ে সভার কার্যবিবরণী

সভাপতি : আহমেদ মাহমুদ-উল-ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ

তারিখ : ২৮.১২.২০২২ খ্রি.

সময় : সকাল ১০:০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর সম্মেলন কক্ষ


উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি সদস্য সচিবকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে সদস্য সচিব ও সহকারী কমিশনার, সাধারণ শাখা কার্যপত্র পাঠ করেন এবং সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে সভার কার্যপত্রে উল্লিখিত এজেন্ডাসমূহের ভিত্তিতে আলোচনায় অংশগ্রহণের জন্য সভাপতির মাধ্যমে অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহকে সেবা প্রদানের লক্ষ্যে কি কি বিষয়ে সেবা প্রদান করা হয় তার একটি তালিকা সিটিজেন চার্টারের মাধ্যমে প্রকাশ করা এবং দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি জানান, শুদ্ধাচার, উত্তম চর্চা ও নৈতিকতা প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাস্তবায়ন করতে পারলে সেবা প্রত্যাশীদের নিকট বিভিন্ন তথ্য জানা সহজ হবে। সেবা গ্রহীতারা যাতে সহজেই সেবা গ্রহণ করতে পারে সে লক্ষ্যে প্রত্যেক দপ্তর/শাখার সম্মুখভাগে সিটিজেন চার্টার প্রদর্শন/সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে দাপ্তরিক সকল কর্মকাণ্ডে সর্বত্র শুদ্ধাচার অর্থাৎ উত্তম চর্চা বাস্তবায়ন করতে হবে। ২। প্রত্যেক দপ্তর/শাখার সম্মুখভাগে সিটিজেন চার্টার প্রদর্শন/সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধান (সকল), চাঁপাইনবাবগঞ্জ
০২.	সেবা প্রদানের লক্ষ্যে সকল অফিসে সেবা গ্রহণের জন্য সরকারি ফি দর্শনীয় স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সেবা প্রদানের লক্ষ্যে সকল অফিসে সেবা গ্রহণের জন্য সরকারি ফি দর্শনীয় স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধান (সকল), চাঁপাইনবাবগঞ্জ
০৩.	অফিসসমূহে সেবাগ্রহীতার উত্তম সেবা নিশ্চিতকল্পে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগ করতে হবে।	জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধান (সকল), চাঁপাইনবাবগঞ্জ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৪.	প্রতিটি দপ্তরে সেবাবক্স স্থাপন, সেবাবক্সে কোন তথ্যাদি জমা পড়ছে কিনা তা নিয়মিত তদারকি এবং সেবাবক্স খোলার ব্যবস্থা গ্রহণ করে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	০১। প্রতিটি দপ্তরে সেবাবক্স স্থাপন করতে হবে। ০২। সেবাবক্সে কোন তথ্যাদি জমা পড়ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে। ০৩। সেবাবক্স খোলার ব্যবস্থা গ্রহণ করে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধান (সকল), চাঁপাইনবাবগঞ্জ
০৫.	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ সভাকে জানান, ওয়েবপোর্টাল হালনাগাদের মাধ্যমে সেবা প্রত্যাশীদের সেবা প্রাপ্তি অনেকাংশে নিশ্চিত করা সম্ভব। কিন্তু অত্র জেলাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার ওয়েবপোর্টাল হালনাগাদ নেই। তাই তিনি যেসকল দপ্তর/সংস্থার ওয়েব পোর্টাল হালনাগাদ নেই তাদেরকে দ্রুত ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।	সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে।	জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধান (সকল), চাঁপাইনবাবগঞ্জ



(আহমেদ মাহবুব-উল-ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটি
চাঁপাইনবাবগঞ্জ

ফোন: ০৭৮১-৫২৫৮১ (অফিস)

E-mail: adcgenchapainawabganj@gmail.com

স্মারক নম্বর- ০৫.৪৩.৭০০০.০০৬.০৯.০০২.২২.১১২৯

তারিখ: ১৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী

০৩। জেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধান (সকল), চাঁপাইনবাবগঞ্জ

০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ

০৫।, চাঁপাইনবাবগঞ্জ



(মো: জুবায়ের জাহাঙ্গীর)
সহকারী কমিশনার

ফোন: ০২-৫৮৮৮৯৩২০২ (অফিস)

E-mail: acgenchapainawabganj@gmail.com